

প্রথম আলো

বাংলাদেশ

থ্যালাসেমিয়া ফাউন্ডেশন

শিশুদের বিনা মূল্যে চিকিৎসা দেবে



নিজস্ব প্রতিবেদক ঢাকা



সাড়ে সাত বছরের রায়হান ইসলামের ৮ মাস বয়সে থ্যালাসেমিয়া ধরা পড়ে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে রায়হানকে তার মা-বাবা নিয়ে গিয়েছিলেন। সেখান থেকে থ্যালাসেমিয়া ফাউন্ডেশন হাসপাতালের খোঁজ দেওয়া হয়।

২০১৪ সাল থেকে রায়হান এই হাসপাতালে চিকিৎসা নিচ্ছে।

রায়হানের মা রুনা আক্তার প্রথম আলোকে বলেন, প্রথম ধরা পড়ার পর বিভিন্ন জায়গায় চিকিৎসা করিয়েছেন। বিএসএমএমইউতে নিয়েছেন। কিন্তু এই চিকিৎসা অনেক ব্যয়বহুল। পরে থ্যালাসেমিয়া ফাউন্ডেশনের কথা জানতে পেরে সেখানেই নিয়ে আসেন রায়হানকে। রুনা বলেন, এখানে চিকিৎসা খরচ অনেক কম।

থ্যালাসেমিয়া একটি মারাত্মক রক্তরোগ। এ রোগে আক্রান্তদের সুস্থ থাকার জন্য সারা জীবন নিয়মিত রক্ত পরিসঞ্চালন এবং লৌহ নিষ্কাশন ওষুধ সেবন করতে হয়। থ্যালাসেমিয়ায় আক্রান্ত দরিদ্র শিশুদের বিনা মূল্যে চিকিৎসা দেয় ফাউন্ডেশন। চিকিৎসায় অনেকে নানা রকম ভর্তুকিও পেয়ে থাকে। ২০০২ সাল থেকে ফাউন্ডেশনটি তাদের কার্যক্রম শুরু করে।

থ্যালাসেমিয়া ফাউন্ডেশনের মেডিকেল টিমের প্রধান সাজিয়া ইসলাম প্রথম আলোকে বলেন, গড়ে প্রতিদিন ৩০ জন করে রোগীকে ডে-কেয়ার সেন্টারে চিকিৎসা দেওয়া হয়। এ ছাড়া বহির্বিভাগে চিকিৎসা নিতে আসে ৪০ জনের মতো।

করোনা সংক্রমণের শুরুর দিকে অন্য সব হাসপাতালের মতো থ্যালাসেমিয়া ফাউন্ডেশন হাসপাতালেও রোগী কমে গিয়েছিল। তবে সাজিয়া ইসলাম জানান, চিকিৎসা কার্যক্রম একেবারে বন্ধ ছিল না।

থ্যালাসেমিয়া রোগের চিকিৎসার জন্য ফাউন্ডেশন ২০০৮ সাল থেকে ঢাকায় ৩০ বেডের একটি বিশেষায়িত হাসপাতাল পরিচালন করছে। এখানে ৩ হাজার ৪৬১ জন রোগী নিয়মিত চিকিৎসা নিচ্ছে।

থ্যালাসেমিয়া ফাউন্ডেশন সরকারি অনুদান, দানশীল ব্যক্তি ও প্রতিষ্ঠানের অনুদান, জাকাত, স্পনসর এ চাইল্ডসহ নানা কার্যক্রমের মাধ্যমে তহবিল সংগ্রহ করে। ২০২১ সালে এই ফাউন্ডেশন ৫০০ জন নতুন রোগীকে বিনা মূল্যে চিকিৎসা দেওয়া হবে।

থ্যালাসেমিয়া ফাউন্ডেশনে জাকাতের মাধ্যমে শিশুদের পাশে থাকতে চাইলে সাহায্য পাঠানো যাবে এই ঠিকানায় —বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন (জাকাত ফান্ড), হিসাব নম্বর ২০৫০১৪৫০১০০৫১৯৩১৫, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, মৌচাক শাখা, ঢাকা। বিকাশের মাধ্যমে দান করতে ০১৭২৯২৮৪২৫৭ নম্বরে টাকা পাঠাতে হবে (মার্চেন্ট অ্যাকাউন্ট)। জাকাত ছাড়াও নানাভাবে তাদের সহায়তা করা যাবে।

বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশনে ভর্তুকিযুক্ত বা বিনা মূল্যে চিকিৎসার জন্য অনলাইনেও নিবন্ধন করা যাবে — www.thals.org/patient/new। সরাসরি হাসপাতালে যোগাযোগের ঠিকানা—থ্যালাসেমিয়া ফাউন্ডেশন হাসপাতাল, ৩০ চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা, ফোন : ০১৭৫৫৫৮৭৪৭৯।